# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৯০

২৭/ আদব

পরিচ্ছেদঃ লোকের বাহ্যিক অবস্থা ও কার্যকলাপের ভিত্তিতে বিধান প্রয়োগ করা হবে এবং তাদের আভ্যন্তরিক অবস্থা আল্লাহকে সঁপে দেওয়া হবে

## আরবী

وَعَنْ أَبِيْ مَعبَدِ المِقدَادِ بنِ الْأَسْوَدِ قَالَ : قُلْتُ لِرَسُوْلِ اللهِ ﷺ أَرأَيْت إِنْ لَقِيتُ رَجُلًا مِنَ الْكُفَّارِ فَاقْتَتَلْنَا فَضَرَبَ إِحْدَى يَدَيَّ بِالسَّيْفِ فَقَطَعَهَا ثُمَّ لاَذَ مِنِّي بِشَجَرَةٍ فَقَالَ : أَسْلَمْتُ لِله أَأَقْتُلُهُ يَا رَسُوْلَ اللهِ بَعْدَ أَنْ قَالَهَا ؟ فَقَالَ لاَ تَقتُلْهُ فَقُلْتُ : يَا رَسُوْلَ اللهِ قَطَعَ إِحْدَى يَدَيَّ ثُمَّ قَالَ ذٰلِك بَعْدَ مَا قَطَعَهَا فَقَالَ لَا تَقتُلْهُ فإنْ قَتَلْتَه فَإنَّهُ بِمَنْزِلَتِك قَبْلَ أنْ تَقْتُلَهُ وَإِنَّك بِمَنْزِلَتِهِ قَبْلَ أنْ يَقُول كَلِمَتَهُ الَّتِيْ قَالَ مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৫৯০) আবূ মা’বাদ মিক্বদাদ ইবনে আসওয়াদ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললাম, আপনি বলুন, যদি আমি কোন কাফেরের সম্মুখীন হই এবং পরস্পরের মধ্যে লড়ি, অতঃপর সে তরবারি দিয়ে আমার হাত কেটে দেয়, তারপর আমার (পাল্টা) আক্রমণ থেকে বাঁচার জন্য সে একটি গাছের আশ্রয় নিয়ে বলে, ’আমি আল্লাহর ওয়াস্তে ইসলাম গ্রহণ করলাম।’ তার এ কথা বলার পর হে আল্লাহর রসূল! আমি কি তাকে হত্যা করব? তিনি বললেন, তাকে হত্যা করো না। আমি বললাম, ’হে আল্লাহর রসূল! সে আমার একটি হাত কেটে ফেলবে। কাটার পর সে ঐ কথা বলবে তাও?’ তিনি বললেন, ’’তুমি তাকে হত্যা করো না। যদি তুমি তাকে হত্যা কর, তাহলে (মনে রাখ) সে তোমার সেই মর্যাদা পেয়ে যাবে, যাতে তুমি তাকে হত্যা করার পূর্বে ছিলে। আর তুমি তার ঐ কথা বলার পূর্বের অবস্থায় উপনীত হবে।

## ফুটনোট

(বুখারী ৪০১৯, ৬৮৬৫, মুসলিম ২৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67338

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন